

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-২৪১  
সোনামুড়া, ৯ মে, ২০২৪

### সোনামুড়া মহকুমায় রবীন্দ্র জন্মজয়ন্তী

যথাযোগ্য মর্যাদায় গতকাল সোনামুড়ার রবীন্দ্র চৌমুহনীতে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী পালন করা হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং সোনামুড়া নগর পঞ্চায়েতের সহযোগিতায় আয়োজিত এই অনুষ্ঠানে কবিগুরুর মর্মর মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন সোনামুড়া মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক তুহিন আইচ প্রমুখ। এদিন ভোরে প্রভাতফেরীতে সোনামুড়া নগর পঞ্চায়েত এলাকায় তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং স্থানীয় শিল্পীগণ অংশ নেন। তাছাড়া সন্ধ্যায় সোনামুড়া টাউনহলে আয়োজিত হয় বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান। এই অনুষ্ঠানে উদ্বোধনী সঙ্গীত পরিবেশন করেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের শিল্পীগণ।

\*\*\*\*\*